BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৬

০১ ফেব্রুয়ারী, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ পণ্য আমদানি-রপ্তানি খালাস প্রক্রিয়ায় **Bangladesh Single Window (BSW) System** এ ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট (**CLP**) গ্রহণ না করা প্রসঙ্গে।

সূত্রঃ (ক) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) নথি নং-৫(১৩)০১/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২৪/৯২৯, তারিখঃ ৩০/০১/২০২৫।

(খ) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং- ১(৩৩)/ NSW প্রকল্প/মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/২০১৮/২৪১৮, তারিখ: ১৪/০১/২০২৫।

আপনারা জানেন, অন লাইনের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্য সম্পাদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর হয়েছে। প্রাথমিক পর্যায়ে সার্টিফিকেট লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার মধ্যে নিম্নবর্ণিত ৭টি সংস্থার ক্ষেত্রে গত ০২/০১/২০২৫ইং তারিখে সরাসরি BSW সিস্টেমের মাধ্যমে CLP এর আবেদন দাখিল ও ইস্যু করার কার্যক্রম শুরু করা হয়েছেঃ

১. ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA);
২. রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB);
৩. বিস্ফোরক অধিদপ্তর (DoEX);
৪. বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC);
৫. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA);
৬. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA); এবং
৭. পরিবেশ অধিদপ্তর (DoE)।

আমদানি ও রপ্তানি পণ্যচালান শুল্কায়নের ক্ষেত্রে উক্ত ৭টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট BSW সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত পত্রদ্বয় এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

০২/২/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
www.cbc.gov.bd

নথি নং-৫(১৩)০১/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২৪/৯২৯( ) তারিখ: ৩০/০১/২০২৫।

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্লাটফর্ম; এটি ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রযোজ্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। প্রাথমিক পর্যায়ে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার মধ্যে ৭টি সংস্থার ক্ষেত্রে গত ০২/০১/২০২৫ খ্রি. তারিখে সরাসরি BSW সিস্টেমের মাধ্যমে CLP এর আবেদন দাখিল ও ইস্যু করার কার্যক্রম শুরু করা হয়েছে। ৩১ জানুয়ারী ২০২৫ খ্রি. তারিখের পর হতে আমদানি ও রপ্তানি পণ্যচালান শুল্কায়নের ক্ষেত্রে উক্ত ০৭টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমে কোন ধরনের ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট গ্রহণ করা হবে না মর্মে একটি পরিপত্র (সংযুক্ত) গত ১৪/০১/২০২৫খ্রি. তারিখে জারি করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, আপনার/আপনাদের এসোসিয়েশনভুক্ত সংশ্লিষ্ট সদস্যদেরকে বিজ্ঞপ্তিতে বর্ণিত বিষয়টি জানানোর এবং তার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

৩০/০১/২০২৫
[ রেবেকা সুলতানা ]
উপ কমিশনার
কমিশনারের পক্ষে

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস- ৭/৭ এ, সেক্টর -১৭, ব্লক এইচ-১, উত্তরা,ঢাকা।
২. সভাপতি, বিকেএমইএ, বিকেএমইএ ভবন, ৫৩-৫৪ নবাব সলিমউল্লা রোড, চাষাড়া, নারায়নগঞ্জ-১৪৫২।
৩. সভাপতি/প্রশাসক, বিজিএপিএমইএ, বেলকুচি হাউস, ২৭৩/৩, পশ্চিম মানিকদি (৩য় তলা), ইসিবি চত্তর মিরপুর, ঢাকা ক্যান্টনম্যান্ট, ঢাকা।
৪. সভাপতি, এলএফএমইএবি, টিএ ৯৪/বি (১ম ও ২য় তলা), মধ্যবাড্ডা, গুশলান লিংক রোড, ঢাকা।
৫. সভাপতি, বিটিএমএ, লেভেল-৮, ইউটিসি ভবন, ৮ পান্থপথ, কারওয়ান বাজার, ঢাকা।
৬. সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচার এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন, ৬ষ্ঠ তলা, সুইট-৬০৩/৬০৪, পল্টন টাওয়ার, ৮৭, পুরাতন পল্টন লাইন, ঢাকা।
৭. সভাপতি, বিটিএ, ৫৭/এ (দ্বিতীয় তলা), রোড-৪/এ, সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৮. সভাপতি/সাধারণ সম্পাদক, কাস্টমস বন্ড কমার্শিয়াল এক্সিকিউটিভ ওয়েলফেয়ার এ্যাসোসিয়েশন ৩৪২/১, সেগুনবাগিচা (নীচ তলা), ঢাকা-১০০০।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd

নথি নং: ১(৩৩)/NSW প্রকল্প/মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/২০১৮/২৪৯৮ তারিখ: ১৪/০১/২০২৫ খ্রি.

## পরিপত্র

**বিষয়: পণ্য আমদানি-রপ্তানি খালাস প্রক্রিয়ায় Bangladesh Single Window (BSW) System এ ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট (CLP) গ্রহণ না করা।**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্লাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রযোজ্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। CLP গ্রহণের পূর্বে Business Identification Number (BIN) ব্যবহার করে BSW সিস্টেমে (Website: bswnbr.gov.bd) নিবন্ধন করতে হবে। এই সিস্টেম ব্যবহারের ফলে আমদানি-রপ্তানি কার্যক্রমে যে সকল সুবিধা পাওয়া যাবে সেগুলো হলো:

- একটি কমন প্লাটফর্মে আমদানি-রপ্তানি পণ্যের জন্য প্রযোজ্য সার্টিফিকেট, লাইসেন্স এবং পারমিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক যুগপৎভাবে অনলাইনে সম্পন্ন করা হবে;
- সরকারী কাজে ব্যক্তিগত যোগাযোগ (হিউম্যান ইন্টারেকশন) না থাকায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে সময় ও ব্যয় হ্রাস পাবে;
- দেশি-বিদেশী ব্যবসায়ীদের মধ্যে আস্থা সৃষ্টির মাধ্যমে বিনিয়োগ ও বাণিজ্যের প্রসার ঘটবে।

০২। প্রাথমিক পর্যায়ে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার মধ্যে নিম্নবর্ণিত ৭টি সংস্থার ক্ষেত্রে গত ০২/০১/২০২৫ খ্রি. তারিখে সরাসরি BSW সিস্টেমের মাধ্যমে CLP এর আবেদন দাখিল ও ইস্যু করার কার্যক্রম শুরু করা হয়েছেঃ

১. ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA);
২. রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB);
৩. বিস্ফোরক অধিদপ্তর (DoEX);
৪. বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC);
৫. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA);
৬. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA); এবং
৭. পরিবেশ অধিদপ্তর (DoE)।

০৩। ৩১ জানুয়ারী ২০২৫ খ্রি. তারিখের পর হতে আমদানি ও রপ্তানি পণ্যচালান শুল্কায়নের ক্ষেত্রে উক্ত ০৭টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হলো। উল্লিখিত তারিখের পর কোন ধরনের ম্যানুয়াল সার্টিফিকেট লাইসেন্স ও পারমিট গ্রহণ করা হবে না।

১৪/০১/২০২৫

[মোঃ মোয়াজ্জেম হোসেন]
সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ভবন-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৩. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৪. সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

C:\Users\BA-3\Downloads\পরিপত্র-13-1-25.docx

CamScanner